# অনার্স ও এলএলবি পরীক্ষার উত্তরপত্র পরিত্যক্ত অবস্থায়

গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বিভিন্ন কলেজের অনার্স ও এলএলবি পরীক্ষার বিভিন্ন কোর্সের ১১টি মূল উত্তরপত্র গতকাল রোববার জেলার কালিয়াকৈর পুলিশ পরিত্যক্ত অবস্থায় উদ্ধার করেছে। এর মধ্যে ফলাফল প্রকাশ হয়নি এমন উত্তরপত্র রয়েছে বলে জানা গেছে।

রোববার দুপুরে গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলার মৌচাক এলাকায় একটি চটের ব্যাগে এসব উত্তরপত্র পাওয়া যায়। এগুলোর মধ্যে ২০০০ সালে অনুষ্ঠিত পরীক্ষার একাধিক উত্তরপত্র রয়েছে।

উত্তরপত্রগুলো হচ্ছে ১. বরিশাল ব্রজমোহন কলেজ কেন্দ্রের অনার্স পার্ট-৩ সমাজ বিজ্ঞান

উত্তরপত্র : পৃষ্ঠা ২ : কলাম : ৩

## উত্তরপত্র : পরিত্যক্ত অবস্থায়

(১ম পৃষ্ঠার পর)

(সাধারণ বিজ্ঞান ৩য় পত্র) রোল ১৫৫২৪, রেজি নং ১২৭১৪/৯৫-৯৬, পরীক্ষা অনুষ্ঠানের তারিখ ২৪ জানুয়ারি ২০০০ ইং; ২. নোয়াখালী সরকারি কলেজের অনার্স পার্ট-৩, রাষ্ট্রবিজ্ঞান-এর অষ্টম পত্র (উপমহাদেশের রাজনীতি ও ব্যক্তিত্ব) রোল নং ৯১৭৬, রেজি নং ১১৭৬৩/৯৪-৯৫, অনুষ্ঠিত পরীক্ষার তারিখ ২৬ ফেব্রুয়ারি ২০০০ ইং; ৩. বরিশাল কেন্দ্রের অনার্স সমাজবিজ্ঞান ৩য় পত্র রোল নং ১৫৫৪১, রেজিঃ নং ১২৭৩৩/৯৫-৯৬, অনুষ্ঠিত পরীক্ষার তারিখ ২৪ জানুয়ারি ২০০০ ইং; ৪. তেজগাঁও কলেজ কেন্দ্রের অনার্স পার্ট-৩ (কম্পিউটার সায়েন্স)-এর ৩০৪ নং কোর্সের কম্পিউটার গ্রাফিক্স, রোল ৯৭, রেজিঃ নং ২৪৮৬৮/৯৪-৯৫, অনুষ্ঠিত পরীক্ষার তারিখ ৮ ডিসেম্বর ১৯৯৯ ইং; ৫. বগুড়া আযিযুল হক কলেজের রাষ্ট্রবিজ্ঞান অনার্সের ৭ম পত্র (আন্তর্জাতিক রাজনীতি), রোল নং ৮১২৩, রেজিঃ নং ৮৭৩৩২/৯৫-৯৬, অনুষ্ঠিত পরীক্ষার তারিখ ২৯ জানুয়ারি ২০০০ ইং; ৬. তেজগাঁও কলেজের কম্পিউটার সায়েন্স বিষয়ের ৩০৫ নং কোর্স (কম্পিউটার বিজ্ঞান) রোল নং ০২, রেজি নং ৮২৮৯/৯৫-৯৬, অনুষ্ঠিত তারিখ ১১ ডিসেম্বর '৯৯ ইং; ৭. বরিশাল সরকারি কলেজের এলএলবি ফাইনাল পরীক্ষার শেষ পর্বের ৭ম পত্র (মার্কেন্টাইল ল') রোল নং ৬৯১, রেজিঃ নং ২৩৮৮০৫/৯৩-৯৪, অনুষ্ঠিত পরীক্ষার তারিখ ১৩ নভেম্বর ১৯৯৮ ইং, ৮. ঢাকা ল' কলেজের এলএলবি ১ম বর্ষ পরীক্ষা '৯৭-এর ৫ম পত্র (আইন) রোল নং ৯৬৩৯, রেজি নং ১৮০৮/৯৬-৯৭, ৯. ঢাকা ল' কলেজের এলএলবি ম পর্ব পরীক্ষার ১৯৯৭-এর ৩য় পত্র (ইসলামী রিস প্রুডেন্স ও মুসলিম আইন) রোল নং ৯৬৪৩, রজিঃ নং ১১৯৩০/৯৬-৯৭, পরীক্ষা অনুষ্ঠানের রিখ ৬ মার্চ ১৯৯৮ ইং; ১০. ঢাকা ল' কলেজের লএলবি ১ম পর্ব পরীক্ষা ১৯৯৭-এর ৩য় পত্র বজ্ঞান ও মুসলিম আইন) রোল নং ৯৬৩৮, রেজিঃ : ১২৩৭৮/৯৬-৯৭, অনুষ্ঠিত পরীক্ষার তারিখ ৬ মার্চ ৯৯৮ ইং। এছাড়া একটি নম্বরবিহীন অতিরিক্ত ত্তরপত্র একই ব্যাগে পাওয়া যায়।